

ছাত্রকল্যাণ অধিদপ্তর
চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম - ৪৩৪৯।

জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত সকল শিক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন হতে প্রাপ্ত পত্র মোতাবেক শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাক্সিন প্রদান করার জন্য তাদের জাতীয় পরিচয়পত্র (NID) নম্বরসহ তালিকা (দ্বিতীয়) প্রেরণ করা অতীব জরুরী।

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয় কর্তৃক ইউজিসি-তে গত ১৫/০৩/২০২১ খ্রিঃ তারিখে প্রেরিত তালিকায় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত) যেসকল শিক্ষার্থীর তথ্য সঠিক (নাম বা NID নম্বর) নেই এবং যারা ইতিপূর্বে তথ্য (নাম, NID নম্বর ইত্যাদি) প্রদান করেনি তাদেরকে আগামী ১৫/০৭/২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টার মধ্যে নিম্নলিখিত লিঙ্কে তথ্য প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হল।

যেসকল শিক্ষার্থীর তথ্য পাওয়া যাবে না তাদের ক্ষেত্রে সরকারি নির্দেশনা অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১। তথ্য প্রদানের জন্য লিঙ্কঃ <https://forms.gle/KMPmZA5VeDQBoZDu6>

২। শিক্ষার্থীকে অবশ্যই ইংরেজিতে (Numeric and Alphabetic উভয় ক্ষেত্রেই) ফরম পূরণ করতে হবে।

৩। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত তালিকায় যাদের তথ্য সঠিক আছে তাদের অবশ্যই এই ফরম পূরণ করার প্রয়োজন নেই।

৪। শিক্ষার্থীর নিজ নিজ ই-মেইল ঠিকানা ব্যবহার করে তথ্য প্রদান করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে-



১২/০৭/২০২১

(অধ্যাপক ডঃ মোঃ রেজাউল করিম)

পরিচালক, ছাত্রকল্যাণ

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

অনুলিপি ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য প্রেরিত হলঃ

১। সকল ডিন, চুয়েট।

২। সকল Institute এর পরিচালক/বিভাগীয় প্রধান/সেন্টার প্রধান, চুয়েট। সংশ্লিষ্ট সকল শিক্ষার্থীর মধ্যে প্রচারের অনুরোধসহ।

৩। সিস্টেম এনালিস্ট, আই আই সি টি, চুয়েট। ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ।

৪। পি এস টু ভিসি, চুয়েট। ভিসি মহোদয়ের জ্ঞাতার্থে।

৫। পি ও টু রেজিস্ট্রার, চুয়েট।

৬। সকল নোটিশ বোর্ড, চুয়েট।

৭। সংরক্ষণ নথি।

(অধ্যাপক ডঃ মোঃ রেজাউল করিম)

পরিচালক, ছাত্রকল্যাণ

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়